155

দৈনিক জনকণ্ঠ

তারিখ 06 DEC 1995
পৃষ্ঠা ১ কলাম ৩

# মিরপুর রোডে এইচএসসি পরীক্ষার্থীদের ভাংচুর ককটেল বিস্ফোরণ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ একদল এইচএসসি পরীক্ষার্থী মঙ্গলবার ঢাকা কলেজ সংলগ্ন মিরপুর রোডে ত্রাসের রাজত্ব কায়েম করে। অবরোধ, গাড়ি ভাংচুর ও ককটেল বিস্ফোরণের ফলে বেলা দশটা থেকে দুপুর একটা পর্যন্ত নগরবাসীর স্বাভাবিক জীবনযাত্রা ব্যাহত হয়।

এইচএসসিতে চার বোর্ডের একই প্রশ্ন সম্পর্কিত সরকারী ঘোষণার প্রতিবাদে ঢাকা কলেজ, সিটি কলেজ, তেজগাঁও কলেজ ও তিতুমির কলেজের ছাত্ররা এ কর্মসূচী গ্রহণ

(শেষ পৃষ্ঠা ৩ কঃ দেখুন)

## মিরপুর রোডে

(প্রথম পাতার পর)

করে। জানা যায়, বেলা দশটায় ছাত্ররা ঢাকা কলেজের সামনে মিরপুর সড়ক অবরোধ করে। এ সময় উত্তেজিত ছাত্ররা ৮/১০টি গাড়ি ভাংচুর করলে কয়েক মুহূর্তেই রাস্তা ফাঁকা হয়ে যায়। এরপর ছাত্ররা রাস্তায় অবরোধ সৃষ্টি করে। এ কর্মসূচী চলাকালে ৩/৪টি ককটেল বিস্ফোরিত হয়।